যুগান্তর

তারিখ : 23 AUG 2016
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবিতে অনলাইনে ভর্তির আবেদন শুরু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তির অনলাইন আবেদন সোমবার সকাল ১০টা থেকে শুরু হয়েছে। ভর্তিচ্ছুরা আগামী ৭ সেপ্টেম্বর বুধবার রাত ১২টা পর্যন্ত এ আবেদন করতে পারবেন। সোমবার বেলা ১০টায় কেন্দ্রীয় ভর্তি অফিসে ভর্তি কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

এ সময় উপস্থিত ছিলেন, বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি (প্রশাসন) অধ্যাপক ড. আখতারুজ্জামান, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. হাসিবুর রশীদ, বিভিন্ন অনুষদের ডিন, চেয়ারম্যান, ইন্সটিটিউটের পরিচালক, বিভিন্ন হলের প্রভোস্ট, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা।

ভিসি বলেন, এ বছর ছাত্রছাত্রীদের আবেদনের যোগ্যতা গতবছরের মতোই রাখা হয়েছে। কিছু নতুন বিভাগ

■ পৃষ্ঠা ৭ : কলাম ১

# ঢাবিতে অনলাইনে ভর্তি

(৩য় পৃষ্ঠার পর)

চালু এবং বিভাগ ও ইন্সটিটিউটে আসন বাড়ানো হয়েছে। পরীক্ষার হলে ক্যালকুলেটর, মোবাইল ফোন বা টেলিযোগাযোগ করা যায় এরূপ কোনো ইলেকট্রনিক ডিভাইস, যন্ত্র ও ঘড়ি ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষা চলাকালে মোবাইল কোর্ট দায়িত্ব পালন করবে। ভর্তি অফিস জানায়, ব্যাংক সার্ভিস চার্জ ও অনলাইন সার্ভিস ফিসহ ভর্তি পরীক্ষার ফি ৩৫০ টাকা নির্ধারণ করা হয়েছে। টাকা জমা দেয়ার শেষ তারিখ ৮ সেপ্টেম্বর। 'খ' ও 'চ' ইউনিট ১১ সেপ্টেম্বর বিকেল ৩টা থেকে পরীক্ষার দিন সকাল ৯টা পর্যন্ত প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। এছাড়া 'ক', 'গ', 'ঘ' ইউনিট ১৫ সেপ্টেম্বর বিকেল ৩টা থেকে পরীক্ষার দিন সকাল ৯টা পর্যন্ত প্রবেশপত্র অনলাইনে পাওয়া যাবে।

**বেড়েছে ১৪৫টি আসন :** এ শিক্ষাবর্ষে মোট আসন সংখ্যা ৬৮০০টি। যা গতবছর ছিল ৬৬৫৫টি। আসনগুলোর মধ্যে ক ইউনিটে ১৬৮০টি, খ ইউনিটে ২২৪১টি, গ ইউনিটে ১১৭০টি, ঘ ইউনিটে ১৪৪০টি এবং চ ইউনিটে ১৩৫টি। ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের http://admission.eis.du.ac.bd এ ওয়েবসাইট থেকে জানা যাবে।